

৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় কর্ম-পরিকল্পনা

৪র্থ শিল্প বিপ্লবের মূল ভিত্তি জ্ঞান এবং কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক কম্পিউটিং। Cyber-Physical System এর মাধ্যমে এ প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহারে প্রয়োজন সর্বস্তরে দ্রুতগতির নিরবচ্ছিন্ন সংযুক্তি। ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় অদূর ভবিষ্যতে টেলিযোগাযোগ ও আইসিটি খাতে নতুন প্রযুক্তির ব্যবহার, নতুন প্রযুক্তির নেটওয়ার্ক তৈরী এবং নতুন প্রযুক্তিতে দক্ষ জনবল তৈরী একান্ত প্রয়োজন।

টেলিযোগাযোগ ও আইসিটিখাতে নতুন প্রযুক্তির চাহিদার প্রেক্ষিতে বিটিসিএল ইতোমধ্যে ৪র্থ শিল্প বিপ্লবের একাধিক প্রযুক্তি নিয়ে উদ্ভাবনী প্রকল্প বাস্তবায়ন করেছে।

- বিটিসিএল ওটিটি (ওভার দ্যা টপ) প্ল্যাটফর্মে আইপি কলিং সুবিধা সম্পন্ন অ্যাপ ‘আলাপ’ চালু করেছে। ১২ ডিসেম্বর ২০২১ খ্রি. হতে আলাপ এর ওয়েব ভার্সন চালু করা হয়েছে। ‘আলাপ’ ২০১৮-২০১৯ অর্থবছরে বিটিসিএল এর উদ্ভাবনী উদ্যোগ “বিটিসিএল ডায়ালার” এর সফল বাস্তবায়ন।
- আইওটি ডিভাইসের মাধ্যমে বিটিসিএল এর এক্সচেঞ্জসমূহের তাপমাত্রা, বিদ্যুৎ বিভ্রাট, ব্যাটারি ও জেনারেটর এর পাওয়ার ব্যাকআপ এর তথ্য মনিটরিং এর নিমিত্ত উদ্ভাবনী উদ্যোগ “সার্ভার রুম মনিটরিং সিস্টেম” ২০২১-২২ অর্থবছরে পাইলটিং সম্পন্ন হয়েছে।

৪র্থ শিল্পবিপ্লব বিশ্বব্যাপী মানুষের জীবনযাত্রায় প্রযুক্তির আমূল পরিবর্তন ও রূপান্তর নিয়ে আসবে। পরিবর্তিত প্রেক্ষাপটে দেশব্যাপী টেলিযোগাযোগ ও আইসিটি প্রযুক্তির রূপান্তরে বিটিসিএল সংশ্লিষ্ট নিম্নবর্ণিত চাহিদাসমূহ চিহ্নিত করা হয়েছে:

- আইওটি ডিভাইস ও ওটিটি প্ল্যাটফর্ম এর ব্যাপক ব্যবহার,
- ক্লাউড কম্পিউটিং এর সম্প্রসারণ,
- দেশের প্রত্যন্ত অঞ্চলে দ্রুত গতির (ফাইভজি প্রযুক্তির) নিরবচ্ছিন্ন নেটওয়ার্কের প্রয়োজনীয়তা

বর্ধিত চাহিদার আলোকে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিটিসিএল এর কর্মপরিকল্পনা নিম্নরূপ:

ক্রমিক নং	কর্মপরিকল্পনা	বাস্তবায়ন কৌশল	বাস্তবায়ন কাল	কার্যক্রম
১.	আইওটি ডিভাইস ব্যবহার করে এক্সচেঞ্জ মনিটরিং	গৃহীত উদ্ভাবনী উদ্যোগের রেপ্লিকেশন	জুলাই ২০২২ হতে জুন ২০২৩	বিটিসিএল এর বিভিন্ন এক্সচেঞ্জে আরও ব্যাপকভাবে রেপ্লিকেশনের করা হবে।
২.	ক্লাউড কম্পিউটিং এর বর্ধিত চাহিদা পূরণ	গৃহীত প্রকল্প	এপ্রিল ২০২১ হতে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত	বিটিসিএল-এর ইন্টারনেট প্রটোকল (আইপি) নেটওয়ার্ক উন্নতকরণ ও সম্প্রসারণ শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পের আওতায় আধুনিক ব্রডব্যান্ড ইন্টারনেট সুবিধা পৌঁছে দেয়া, বর্ধিত চাহিদা পূরণ এবং 5G রেডিনেসের লক্ষ্যে আইপি নেটওয়ার্ক উন্নতকরণ করা হবে এবং ক্লাউড হোস্টিং সেবা সম্প্রসারণে ডাটা সেন্টার স্থাপন করা হবে।
৩.	দেশের প্রত্যন্ত অঞ্চলে দ্রুত গতির (ফাইভজি প্রযুক্তির) নিরবচ্ছিন্ন নেটওয়ার্ক সম্প্রসারণ	গৃহীত প্রকল্প	জানুয়ারি ২০২২ হতে ডিসেম্বর ২০২৪ পর্যন্ত।	৫জি'র উপযোগীকরণে বিটিসিএল এর অপটিক্যাল ফাইবার ট্রান্সমিশন নেটওয়ার্ক উন্নয়ন শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পের আওতায় দেশের প্রত্যন্ত অঞ্চলে টেরাবিট গতির নিরবচ্ছিন্ন সর্বাধুনিক ট্রান্সমিশন নেটওয়ার্ক উন্নতকরণ এবং সম্প্রসারণ করা হবে।